# অনুচ্ছেদ রচনা [২]

## জলই জীবন

জল প্রকৃতির এক অমূল্য সম্পদ। এর কোন স্বাদ নেই, গন্ধ নেই ও রং নেই। জল ছাড়া আমরা বাঁচতে পারি না। সেইজন্য জলের আর এক নাম জীবন। সত্যি কথা বলতে কি, খাবার না খেয়ে আমরা কয়েকদিন বাঁচতে পারি, কিন্তু জল ছাড়া আমারা একটা দিনও বাঁচতে পারি না। জল সমস্ত প্রাণী জগতের পক্ষে একটা অতি প্রয়োজনীয় জিনিস। উদ্ভিদ জগৎও জল ছাড়া বাঁচতে পারে না। ফলে শস্য উৎপন্ন হয় না। দেশে দেখা দেয় দুর্ভিক্ষ। না খেতে পেয়ে মানুষ ও পশুপাখি মারা যায়। জলের সাহায্যে আমরা তৃষ্ণা নিবারণ করি, রান্নার কাজ করি, কাপড় কাচা ও বাসন মাজা প্রভৃতি নানা কাজ করি। মোট কথা জল যদি না থাকত তাহলে সমস্ত পৃথিবী এতদিনে মরুভূমিতে পরিণত হয়ে যেত। গ্রীষ্মের প্রখর তাপে যখন মাটি ফেটে চৌচির হয়ে যায় তখন সবাই জলের জন্য হাহাকার করতে থাকে। আষাঢ় মাসে বর্ষা নামলে প্রাণী ও উদ্ভিদকূল যেন প্রাণ ফিরে পায়। ধরিত্রী হয়ে ওঠে শ্যামলা। সুতরাং এককথায় বলা যায়, জলই জীবন।

Scanned with CamScanner